গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
www.mofa.gov.bd

নং-১৯.০০.০০০০.১১৪.০৬.০০৪.২০(৩৭৭)/১০১০ — ০৩ মার্চ ২০২২

## পরিপত্র

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৭ ফাল্গুন ১৪২৮/০২ মার্চ ২০২২ তারিখে জারিকৃত (নম্বর-০৪.০০.০০০০.৪২৩.৯৯.০০১.১৯.১৭—২০ ফেব্রুয়ারি ২০২২/০৭ ফাল্গুন ১৪২৮) প্রজ্ঞাপনের মাধ্যমে 'জয় বাংলা'-কে বাংলাদেশের জাতীয় স্লোগান হিসেবে ঘোষণা করা হয়েছে। এ সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনটি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অবহিত করা হলো।

০২। উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(গৌতম কুমার দে)
সিনিয়র সহকারী সচিব (নীতি ও সংগঠন)
ফোনঃ ০২২২৩৩৫০৯০৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। রেক্টর, ফরেন সার্ভিস একাডেমী, সুগন্ধা, ২২ বেইলি রোড, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল এ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, ১/৪৬, ইস্কাটন রোড, রমনা, ঢাকা-১০০০।
০৪। পরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স, হাউজ নং-২২, রোড নং-৭। (ভাষা সৈনিক আব্দুল মতিন সড়ক), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫।
০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পররাষ্ট্র মন্ত্রণালয়েরর ওয়েব সাইটে পরিপত্রটি প্রকাশের অনুরোধসহ)।
০৬। বিদেশস্থ সকল বাংলাদেশ মিশন (অনারারী কনস্যুলেট ব্যতীত)।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮/০২ মার্চ ২০২২

নম্বর-০৪.০০.০০০০.৪২৩.৯৯.০০১.১৯.১৭—২০ ফেব্রুয়ারি ২০২২/০৭ ফাল্গুন ১৪২৮ তারিখের মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী সরকার নিম্নরূপ নির্দেশনা জারি করিল:

(ক) 'জয় বাংলা' বাংলাদেশের জাতীয় স্লোগান হইবে।

(খ) সাংবিধানিক পদাধিকারীগণ, দেশে ও দেশের বাইরে কর্মরত সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ সকল জাতীয় দিবস উদ্‌যাপন এবং অন্যান্য রাষ্ট্রীয় ও সরকারি অনুষ্ঠানে বক্তব্যের শেষে 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করিবেন।

(গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রাত্যহিক সমাবেশ সমাপ্তির পর এবং সভা-সেমিনারে বক্তব্যের শেষে শিক্ষকগণ ও ছাত্রছাত্রীবৃন্দ 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করিবেন।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

শফিউল আজিম
যুগ্মসচিব